95

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 DEC 1998 ...
পৃষ্ঠা: ১০ কলাম ৭ ......

# ভারতে প্রাথমিক শিক্ষাকে মৌলিক অধিকার ঘোষণার জন্য অমর্ত্য সেনের আহ্বান

বোলপুর হইতে এপিবি/ পিটিআই ॥ নোবেল বিজয়ী অমর্ত্য সেন মঙ্গলবার সাংবিধানিকভাবে দেশের প্রাথমিক শিক্ষাকে মৌলিক অধিকার হিসাবে ঘোষণা করার দাবী জানাইয়াছেন। তিনি বলেন, " আপনারা সকলেই যদি আমার এই দাবীর সাথে একাত্মতা প্রকাশ করেন তবে আমি খুবই খুশী হইব। আমাদের এই জাতিকে সোচ্চার করার ইহাই উপযুক্ত সময়। তাঁহার সম্মানে আয়োজিত এক গণসংবর্ধনা অনুষ্ঠানে বিভিন্ন প্রশ্নের উত্তরে তিনি একথা বলেন। প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার জন্য প্রয়োজনীয় অর্থ সম্পদের অভাব রহিয়াছে–এরকম বক্তব্যের সঙ্গে দ্বিমত প্রকাশ করিয়া অমর্ত্য সেন বলেন, এ সংক্রান্ত কাগজপত্র পড়ার পর আমি নিশ্চিত যে, সবার জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করিয়া তাহা বাস্তবায়নে যে পরিমাণ অর্থের প্রয়োজন তাঁহা ব্যয় করার ক্ষমতা ভারতের আছে। তিনি বলেন, ইহার পরও সরকার যদি এই কাজ করিতে অস্বীকৃতি জানায় তবে তাহা কেবলমাত্র আমাদের রাজনৈতিক দৈন্যতাকেই ফুটাইয়া তুলিবে। অর্থনৈতিক দৈন্যতাকে নয়। এ প্রসঙ্গে তিনি উল্লেখ করেন, দেশের উচ্চ শিক্ষার ক্ষেত্রে প্রভূত উন্নতি সাধিত হইলেও প্রাথমিক শিক্ষা এখনও অবহেলিতই রহিয়া গিয়াছে। তিনি দুঃখ প্রকাশ করিয়া বলেন, "এমনকি স্বাধীনতার ৫০ বছর পরেও আমাদের দেশের দুই-তৃতীয়াংশ নারী ও প্রাপ্তবয়স্ক জনসংখ্যার অর্ধেকই এখনও অশিক্ষার অন্ধকারে ডুবিয়া আছে।"